দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ৮ কলাম ৩

# সারাদেশে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে দু'দিনব্যাপী ধর্মঘট অব্যাহত

**স্টাফ রিপোর্টার** ঃ সরকারী পেনশনের অনুরূপ বেসরকারী শিক্ষক-কর্মচারীদের অবসর সুবিধা ও সকল ভাতাসহ মূল বেতনের সরকারী অনুদানের অংশ শতকরা ১শ' ভাগে উন্নীতকরণ, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের চাকরি বিধি বাস্তবায়ন এবং সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের জন্য সুষম শিক্ষার সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ সম্বলিত ৬ দফা দাবী পূরণসহ মন্ত্রণালয়ের ৯ দফার শিক্ষক স্বার্থবিরোধী ধারাসমূহ প্রত্যাহারের দাবীতে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের আহবানে গতকাল ,(শনিবার) দেশব্যাপী

... পৃঃ ৮-এর কঃ দেখুন

## শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট

৮-এর পৃষ্ঠার পর

বেসরকারী স্কুল-কলেজ-মাদ্রাসায় পূর্ণদিবস ধর্মঘট পালিত হয়েছে। দু'দিনব্যাপী এই ধর্মঘটের অংশ হিসেবে আজও (রবিবার) দেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে পূর্ণ দিবস ধর্মঘট চলবে।

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোহাম্মদ সেলিম ভূঁইয়া, আহবায়ক শেখ আমানুল্লাহ ও মাওলানা এম এ লতিফ এবং যুগ্ম আহবায়ক অধ্যক্ষ মাজহারুল হান্নান ও শফিকুল আলম এক যুক্ত বিবৃতিতে ধর্মঘট পালনের জন্য সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীদের অভিনন্দন জানিয়েছেন। সকল দাবী পূরণ না হওয়া পর্যন্ত নেতৃবৃন্দ শিক্ষক-কর্মচারীদের আন্দোলন চালিয়ে যাওয়ার এবং সকল কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য আহবান জানান।

এদিকে শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষক স্বার্থবিরোধী চুক্তি বাতিল এবং চাকরি জাতীয়করণের দাবীতে গতকাল কেন্দ্রীয় শহীদ মিনারে বাংলাদেশ শিক্ষক সমিতি, ঢাকা মহানগরী শাখার উদ্যোগে শিক্ষক সমাবেশ অনুষ্ঠিত হয়। এ কে এম আবুল বাশারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে প্রধান বক্তা সংগঠনের মহাসচিব নজরুল ইসলাম আগামী ১ মার্চের ঘোষিত কর্মসূচী স্থগিত করে আগামী ১০-১১ মে জাতীয় ত্রিবার্ষিক প্রতিনিধি সম্মেলন থেকে দাবী আদায়ের আন্দোলন পুনরায় শুরু করা হবে বলে জানান।